

লেখিকার কথা

পথ চলতে চলতে পথের মাঝেই সন্ধান মেলে অনেক অজানা ও অচেনা পথের। কখনো বা সে পথ হয় মধুর আবার কখনো বা বন্ধুর। সেই অজানা পথের সন্ধানেই আলোচনা প্রসঙ্গে এগিয়ে এসেছে এই ভ্রাম্যমান কাহিনী। যুগের তালে তালে সময় এগিয়ে চলেছে খুব দ্রুত। প্রতিটি মুহূর্তই মানুষ এখন ব্যস্ত। তাই সাধারণ মানুষের মূল্যবান সময় নষ্ট না করে শুধুমাত্র বাস্তব জীবনের কিছু কিছু অভিজ্ঞতা, অভিজ্ঞতার আলোকে উদ্ভাসিত করবার জন্যই সহজ-সরল কথামালার মধ্য দিয়ে এ লেখনী সাধারণ মানুষের চরণে সমর্পিত করলাম। বাস্তবে যতটা জানার সুযোগ হয়, ততটা লেখার সুযোগ হয় না কলমে, অনেক সময় সাবধানতা অবলম্বন করবার জন্য। কাউকে ব্যক্তিগতভাবে আঘাত করবার উদ্দেশ্যও এ কলম নয়। পরিশেষে বলি, নিঃশ্বাস নেওয়াটাই তো শুধু জীবন নয়, আর শুধু নিঃশ্বাস-প্রশ্বাস বন্ধ হয়ে যাওয়াটাই মৃত্যু নয়, জীবন-সংগ্রামে ঝাঁপিয়ে পড়লেই জানা যায় জীবন কি? আর দুর্গমকে জয় করতে পারলেই জানা যায় রহস্যের অনেক অজানা সন্ধান — তাই এ লেখনীর একাংশও যদি দোলা দেয় মনে তবে নিজেকে মনে করবো ধন্য ও কৃতজ্ঞ। মাত্র তিনদিনে শেষ করবার ফলে ভুল-ত্রুটি থাকতেই পারে, তাই এ কলম যেকোনো ভুল-ত্রুটিতে ক্ষমাপ্রার্থী। দে'জ পাবলিশিং ও তার কর্ণধার সুধাংশুবাবুর নিকট আমি ব্যক্তিগতভাবে কৃতজ্ঞ।

স্বাক্ষরিত প্রকাশক